

# শিকদার মেডিক্যাল কলেজকে সময় বেঁধে দিলেন স্বাস্থ্যমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

২৭ জুন ২০২৪, ১২:০০ এএম



রোগ নির্ণয়ের পরীক্ষা-নিরীক্ষায় প্রটোকল মেনে চলা, ছাত্রীদের বাসস্থান ও অডিটোরিয়ামসহ বিভিন্ন অবকাঠামো ঠিক করতে রাজধানীর রায়েরবাজারের শিকদার উইমেন্স মেডিক্যাল কলেজকে সময় বেঁধে দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। আগামী সাত মাসের মধ্যে এসব কিছু বাস্তবায়ন করতে কর্তৃপক্ষকে নির্দেশ দেন তিনি।

গতকাল বুধবার মেডিক্যাল কলেজটি পরিদর্শনে যান মন্ত্রী সামন্ত লাল। এ সময় নানা অনিয়ম ও সংকট দেখতে পান তিনি। কলেজটির সার্জারি বিভাগসহ কয়েকটি ইউনিট ঘুরে দেখে শিক্ষার্থীদের সঙ্গে বিভিন্ন বিষয়ে কথা বলেন তিনি।

পরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে স্বাস্থ্যমন্ত্রী বলেন, ‘মেডিক্যাল কলেজটি ঘুরেফিরে দেখেছি। কিছু কিছু ব্যাপারে আরও সতর্কতা মেনে চলতে বলেছি কর্তৃপক্ষকে। কলেজের ছাত্রীদের বাসস্থান, অডিটোরিয়ামসহ সবকিছু ঠিক করতে হবে। ওনারা এসব কিছু ঠিক করার জন্য সময় নিয়েছেন। আশা করি নির্দিষ্ট সময়ের ভেতর কর্তৃপক্ষ তা বাস্তবায়ন করবে।’

সামন্ত লাল আরও বলেন, ‘আমি নতুন করে মেডিক্যাল কলেজ বাড়ানোর পক্ষে না। বরং যা আছে, সেগুলোর মান বৃদ্ধি করা জরুরি। মানসম্মত চিকিৎসাসেবা পেতে হলে, সেই মানের ডাক্তার তৈরি করতে হবে।’

এ সময় স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডা. রোকেয়া সুলতানা, ঢাকা-১০ আসনের সংসদ সদস্য ফেরদৌস আহমেদ ও স্বাস্থ্য শিক্ষা সচিব মো. আজিজুর রহমান উপস্থিত ছিলেন।